‘জননেত্রী শেখ হাসিনা পরিষদ’র সভাপতি মনির খান আটক

চেম্বার ডেস্ক:: ‘বাংলাদেশ জননেত্রী শেখ হাসিনা পরিষদ’ নামের ভুঁইফোঁড় সংগঠনের সভাপতি মো. মনির খান ওরফে দরজি মনিরকে আটক করেছে মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।
রবিবার রাতে রাজধানী থেকে তাকে আটক করা হয় বলে সাংবাদিকদের জানিয়েছেন ডিবির যুগ্ম কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ।

তিনি জানান, মনিরকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

আওয়ামী লীগের নাম ভাঙিয়ে ‘বাংলাদেশ জননেত্রী শেখ হাসিনা পরিষদ’ নামের ভুঁইফোঁড় সংগঠনটি গড়ে তোলেন মনির। এই সংগঠনে তিনি বিএনপি-জামায়াত এবং তাদের ছাত্রসংগঠন ছাত্রদল-ছাত্রশিবিরের অনেক নেতাকে টাকার বিনিময়ে পদ দিয়েছেন বলে অভিযোগ রয়েছে।

এ ছাড়া ফটোশপে কারসাজি করে প্রধানমন্ত্রীসহ সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সঙ্গে নিজের ছবি জুড়ে দিয়ে ফেসবুকে ছাড়ার অভিযোগও রয়েছে তার বিরুদ্ধে।